

টেডার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট জনসাধারণের উদ্দেশ্যে এতদ্বারা জানানো যায় যে, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের পরিচালনাধীন দাসপুর-২ পঞ্চগয়েত সমিতির অন্তর্গত মাণ্ডুরিয়া ফেরিঘাট বাংলা সন ১৪২৫ সালের ১লা আশ্বিন হইতে বাংলা সন ১৪২৫ সালের ৩০শে চৈত্র পর্যন্ত যাত্রী পারাপার করে মাণ্ডুল আদায়ের বন্দোবস্ত দেওয়ার জন্য মুখবন্ধ খামে দরপত্র চাওয়া হচ্ছে যা, আগামী ১০ই সেপ্টেম্বর, ২০১৮, সোমবার, বেলা- ২.০০ টার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কক্ষে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হল এবং ঐ দিনই বেলা ৩.০০ টার সময় দরপত্র খোলা হবে।

আগ্রহী আবেদনকারীদের নিম্নলিখিত শর্তাবলী দেখার জন্য অনুরোধ জানানো যাইতেছে।

১. টেডারে অংশগ্রহনকারী কোন আবেদনকারী যদি নিজ নাম গোপন করিয়া কাল্পনিক নামে ডাকে অংশ নেন অথবা বিজ্ঞাপনের শর্তাবলী অথবা কর্তৃপক্ষের ও পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্যকোন প্রকারে পরিষদকে প্রতারিত করিবার চেষ্টা করিয়াছেন বলিয়া প্রমানিত হয় তবে আইনত দণ্ডনীয় অপরাধ হিসাবে গন্য হবে।
২. যিনি ইজারাদার নিযুক্ত হইবেন তিনি পরিষদের নির্দিষ্ট এগ্রিমেন্ট সম্পাদন করিয়া দিবেন অন্যথায় ঘাটের দখলি পরোয়ানা দেওয়া যাইবে না। এবং যিনি এই পরোয়ানা না লইয়া দখল করিবেন তিনি অনাধিকার প্রবেশের জন্য দণ্ডনীয় হইবেন।
৩. ফেরীঘাট সমূহ পরিষদের কর্তৃপক্ষের অনুমোদনের পর দখল দেওয়া হইবে। যদি কোন ফেরীঘাট এর ক্ষেত্রে প্রদেয় সর্বোচ্চ দর কর্তৃপক্ষের অনুমোদন না পায় তাহা হইলে পুনরায় মুখবন্ধ খামে দরপত্র গ্রহন করা হইবে ও দরপত্র গ্রহনের আইন মোতাবেক কার্যকর হইবে।
৪. ফেরীঘাট পারাপার করিবার জন্য নৌকা সরবরাহ, মেরামত, নিরাপত্তামূলক ব্যবস্থা, দাঁড়ি, মাঝি প্রভৃতি রাখিবার ব্যয় ও দায়িত্ব ইজারাদারকে নিজ হইতে বহন করিতে হইবে।
৫. ইজারাদারকে ফেরীঘাটের আইন ও আইনের সমস্ত নিয়মগুলি বর্তমানে যাহা আছে এবং ভবিষ্যতের যাহা হইবে তাহা পালন করিয়া ঘাটের কাজ চালাইতে হইবে। যাত্রীদের সুরক্ষার যথাযথ ব্যবস্থা ইজারাদারকে করতে হবে।
৬. মাণ্ডুলের হার শর্তাবলী ও বিস্তৃত নিয়মকানুন জিলা পরিষদ অফিসে জানিতে পারা যাইবে।
৭. যিনি টেডারে সর্বোচ্চ দরদাতা হিসাবে গন্য হবেন তিনি উক্ত ফেরীঘাটের দখল ১৪২৫ সালের ১লা আশ্বিন থেকে ৩০শে চৈত্র পর্যন্ত ইজারাদার হিসাবে নিযুক্ত হবেন।
৮. ২০০৯ সালের পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের সংশোধনী উপবিধি অনুযায়ী খেয়া মাণ্ডুল আদায় হইবে এবং খেয়া ঘাটের ইজারাদের নৌযানের রেজিস্ট্রিকরণ এবং নবীকরণ ফি জমা দিয়ে নথীভুক্তকরণ বাধ্যতামূলক।
৯. আবেদনকারীকে সাদা কাগজে অথবা অফিস প্যাডে মুখবন্ধ খামে নিম্নস্বাক্ষরকারীর অফিসকক্ষে রাখা টেডার বক্সে জমা করতে হবে। কোন টেডার কাগজ অফিস থেকে সরবরাহ করা হবে না।
১০. ফেরিঘাটের এবং পুকুরের ক্ষেত্রে দর বাৎসরিক হার হিসাবে প্রদান করতে হবে এবং প্রদেয় মোট অর্থ একত্রে অক্ষে এবং কথায় উল্লেখ করতে হবে।
১১. টেডার উক্ত দিন অর্থাৎ ১৩/০৭/২০১৮ তারিখ বেলা ৩ টার সময় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে খোলা হবে।
১২. সর্বোচ্চ দরপ্রদানকারী ব্যক্তির দরের সহিত ফেরীঘাট বা পুকুরের আনুমানিক নির্ধারিত মূল্যের সহিত সাযুজ্য না থাকলে অথবা কোন কারণ না দর্শিয়েই কর্তৃপক্ষ টেডার বাতিল করতে পারেন।
১৩. পুকুর নীলামের ক্ষেত্রে ঐ একই শর্তাবলী প্রযোজ্য হবে।

স্বাক্ষর  
সচিব ৩০/৭/২০১৮  
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

স্মারক নং-১২৬(২)/১৯৩৩/১৯৯৯

তারিখ-১০/০৮/২০১৮

প্রতিলিপি অবগতির জন্য প্রেরণ করা হল -

১. সভাপতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
২. জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর।
৩. অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৪. মহকুমা শাসক, মেদিনীপুর/খড়াপুর/ঘাটাল/ঝাড়গ্রাম।
৫. কর্মাধ্যক্ষ, বন সংরক্ষণ ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৬. আর্থিক নিয়ামক ও মুখ্য গণন আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৭. জেলা তথ্য সাংস্কৃতিক আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
৮. সভাপতি / নির্বাহী আধিকারিক, দাসপুর-২ পঞ্চায়েত সমিতি মহাশয়ের অবগতি ও বহুল প্রচারের নিমিত্ত তথা তাঁর নোটিশবোর্ডে দেওয়ার জন্য প্রেরিত হল।
৯. শ্রী সঞ্জীব চৌধুরী, DIA, পশ্চিম মেদিনীপুর। আপনাকে ফেরীঘাটের নীলামের নোটিশ জেলা পরিষদের ওয়েবসাইটে upload করা এবং দাসপুর-২ পঞ্চায়েত সমিতিতে e-mail করার জন্য অনুরোধ জানাই।

স্বদেশ  
সচিব ১০/০৮/১৯৯৯  
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ